

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.১১.২৩.১০০৯

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০  
২৪ মে ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়  
স্থানীয় সরকার বিভাগ  
হিসাব ভবন (৫ম তলা, গেট নং- ৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি ২০২২-২৩ অর্থবছরের বাজেটের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং- ২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ এর পত্রের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'র আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং- ২২১০০০৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে জেলা পরিষদ, ঝিনাইদহ এর অনুকূলে ১৫.০০ লক্ষ (পনের লক্ষ) টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্রম	প্রকল্পের নাম	বরাদ্দকৃত অর্থ	জেলা পরিষদ
১.	ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার হিতামপুর পাঁকা রাস্তা হতে এডিশনাল আইজিপি মোঃ শাহাবুদ্দিন খান এর বাড়ি অভিমুখে রাস্তা প্যালাসাইটিং করণ	১৫.০০ লক্ষ (পনের লক্ষ) টাকা	জেলা পরিষদ ঝিনাইদহ

২। এ ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং- ৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০৪ আগস্ট ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫৪ নং স্মারক, ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৭১ নং স্মারক, ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫ নং স্মারক এবং ১০ এপ্রিল ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১৫৩ মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর- ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

মোহাম্মদ সামছুল হক  
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

ই-মেইল: lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.১১.২৩.১০০৯/১(২০)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০  
২৪ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. উপসচিব (বাজেট- ১১ অধিশাখা)
- সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- পরিচালক, স্থানীয় সরকার, খুলনা
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝিনাইদহ জেলা
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ- (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোহাম্মদ সামছুল হক  
উপসচিব